



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০০৮.২৪- ২২৬

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব ফাতেমা শারমীন শাওন, প্রধান শিক্ষক, লক্ষীপুর হাজী রাজা মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল না করায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁকে “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)” গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেননি;

সেহেতু, জনাব ফাতেমা শারমীন শাওন, প্রধান শিক্ষক, লক্ষীপুর হাজী রাজা মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী “অসদাচরণ” ও “ডিজারশনের” অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক তাঁকে “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)” গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

JM; -


(মীর্জা মোঃ হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
ফোন: ০২-৫৮০৫৩৩৬৭

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.২৭.০০৮.২৪- ২২৬

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
- ৫। জনাব ফাতেমা শারমীন শাওন, পিতা-মো: শফি উদ্দিন, গ্রাম-২৬২, গাছতলা ঘাট, কমলপুর, ডাকঘর-ভৈরব বাজার, উপজেলা-ভৈরব, জেলা-কিশোরগঞ্জ।
- ৬। সংরক্ষণ নথি।


(মোসাম্মদ রোশানা হায়দার)
সহকারী পরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
০২-৫৮০৫৪৮৯৯